

বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল/২০২৪/৪৩৫

তারিখঃ ১৮-০২-২০২৪ইং

এনরোলমেন্ট মৌখিক পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ২৬-০২-২০২৪ইং তারিখ থেকে রেগুলার প্রার্থীদের এনরোলমেন্ট মৌখিক পরীক্ষা শুরু হবে

এতদ্বারা স্মারক নং-বিবিসি/এনরোল/২০২৩/১৭৬১, তারিখঃ ২০-০৮-২০২৩ইং, স্মারক নং-বিবিসি/এনরোল/২০২৩/২৬৯৯, তারিখঃ ০৩-১২-২০২৩ইং এবং স্মারক নং-বিবিসি/এনরোল/২০২৪/এসইসি/১, তারিখঃ ১৫-০২-২০২৪ইং, মূলে জারিকৃত বিজ্ঞপ্তিসমূহের ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বার কাউন্সিলের এনরোলমেন্ট মৌখিক পরীক্ষা আগামী ২৬-০২-২০২৪ইং তারিখ থেকে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, আসন্ন মৌখিক পরীক্ষার রেগুলার প্রার্থী, তথা যেসব প্রার্থী বর্তমান সেশনের, অর্থাৎ ২৩-১২-২০২৩ইং তারিখের এনরোলমেন্ট লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের মৌখিক পরীক্ষা ২৬-০২-২০২৪ইং তারিখ থেকে শুরু হবে।

আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী রিঅ্যাপিয়ার্ড প্রার্থী, অর্থাৎ সেই সব প্রার্থী যারা বার কাউন্সিল বিধি ৬০বি অনুযায়ী অব্যবহিত পূর্বের দুইটি মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছেন অথবা অংশগ্রহণে ব্যর্থ হয়েছেন, এইরূপ রি-অ্যাপিয়ার্ড প্রার্থীদের মৌখিক পরীক্ষার ব্যাপারে পরবর্তী নোটিশে অবগত করা হবে। এছাড়াও বিগত ১৫-০২-২০২৪ইং তারিখে প্রকাশিত এনরোলমেন্ট লিখিত পরীক্ষার ফলাফলে তৃতীয় পরীক্ষকের মূল্যায়নের জন্য নির্ধারিত ৩৪৫ জন প্রার্থীর মধ্যে যারা উত্তীর্ণ হবেন, তাদের মৌখিক পরীক্ষাও রিঅ্যাপিয়ার্ড প্রার্থীদের সাথে গ্রহণ করা হবে। তাদের করণীয় সম্পর্কেও পরবর্তী নোটিশে অবগত করা হবে।

এই বিজ্ঞপ্তির পরবর্তী অংশে কেবলমাত্র ১৫-০২-২০২৪ইং তারিখে প্রকাশিত এনরোলমেন্ট লিখিত পরীক্ষার ফলাফলে উত্তীর্ণ ঘোষিত ২৫৩৯ জন রেগুলার প্রার্থীদের আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য করণীয় সম্পর্কে জানানো হচ্ছে।

রেগুলার প্রার্থীগণের করণীয়ঃ-

রেগুলার প্রার্থীগণকে নির্দিষ্ট ওয়েব সাইটে (<http://bar.teletalk.com.bd>) প্রবেশ করে নিম্ন-আদালতের এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত লিঙ্কে ক্লিক করে 'রেগুলার প্রার্থী' অপশন সিলেক্ট করতে হবে। অতঃপর নির্দেশনা অনুযায়ী প্রত্যেক প্রার্থীকে নিজ নিজ রেজিস্ট্রেশন নম্বর, পিউপিলেজ-কন্ট্রাস্ট-ডেট ও জন্ম-তারিখ নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করে মৌখিক পরীক্ষার অনলাইন প্ল্যাটফর্মে প্রবেশ করতে হবে। এরপর প্রার্থীগণ এমসিকিউ/লিখিত পরীক্ষার পূর্বে তাদের নিজ-প্রদত্ত তথ্যমালা পর্যায়ক্রমে View করবেন, প্রয়োজন মতো নির্দেশনা অনুযায়ী চাহিত তথ্য এন্ট্রি দিবেন। প্রতিটি ধাপে নির্দেশনা অনুযায়ী ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করে অনলাইন ফরমটি সাবমিট করবেন। অতঃপর অনলাইনে প্রাপ্ত নিজ নিজ Form A এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য নথি তথা Form G, Case List, Testimonial, Affidavit ডাউনলোড ও প্রিন্ট করে নিবেন। উল্লেখ্য, ডাউনলোডকৃত পাতাসমূহ লিগ্যাল সাইজ কার্টিজ পেপারে প্রিন্ট করে নিতে হবে এবং নির্ধারিত স্থানসমূহে নিজের এবং সিনিয়র অ্যাডভোকেটের স্বাক্ষর নিতে হবে। এছাড়াও Form A এর নির্ধারিত স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত রঙিন ছবি (অনলাইন ফরম পূরণে যে ছবি স্ক্যান করে আপলোড করা হয়েছিল) সংযুক্ত করতে হবে। প্রার্থীর ছবির



ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ছবির আনুষ্ঠানিক মানদণ্ড বজায় রাখতে হবে। ছবিতে প্রার্থীর উভয় কান দৃশ্যমান থাকতে হবে এবং ছবির ব্যাকগ্রাউন্ড সাদা থাকতে হবে। সেলফি ছবি গ্রহণযোগ্য হবে না। **Affidavit** এর পৃষ্ঠাগুলো তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে প্রিন্ট করে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট অথবা নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজড করতে হবে। অতঃপর ডাউনলোড ও প্রিন্টকৃত **Form A, Form G, Case List, Testimonial** এবং নোটারীকৃত **Affidavit** এর সাথে নিজ নিজ শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল নথি অর্থাৎ এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, গ্র্যাজুয়েশন ডিগ্রি, এল.এল.বি, এল.এল.এম., বার-এট-ল (যদি থাকে) পরীক্ষার সনদ ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি এবং বার কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত অনুলিপি এবং বিদেশ থেকে কোনো ডিগ্রী অর্জিত হয়ে থাকলে সংশ্লিষ্ট ডিগ্রীর জন্য উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ইকুইভ্যালেন্সি** সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে বার কাউন্সিল কার্যালয়ে দাখিল করতে হবে।

উল্লেখ্য, রেগুলার প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য কোনোরূপ ফি প্রদান করতে হবে না। মৌখিক পরীক্ষার জন্য যথা সময়ে অনলাইন থেকে অ্যাডমিট কার্ড ইস্যু করা হবে। অ্যাডমিট কার্ড কালার প্রিন্ট করে নিতে হবে।

নির্ধারিত ওয়েব লিঙ্কে (<http://bar.teletalk.com.bd>) রেগুলার প্রার্থীদের অনলাইন ফরম সাবমিট ও তৎপরবর্তী নথিসমূহ ডাউনলোড করা যাবেঃ ১৯-০২-২০২৪ইং তারিখ, বিকাল ৪:০০ ঘটিকা থেকে।

ডাউনলোডকৃত নিজ নিজ হার্ড-কপি ফাইল/ফরম ও অন্যান্য সংশ্লিষ্ট নথি বার কাউন্সিল অফিসে দাখিলের সর্বশেষ সময়ঃ ২৫-০২-২০২৪ইং তারিখ, রোজ রবিবার দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত।

মৌখিক পরীক্ষার বিস্তারিত শিডিউল বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) যথাসময়ে প্রকাশ করা হবে।



আদেশক্রমে,

(মোঃ আফজাল উর রহমান)

সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ বার কাউন্সিল

**বিঃ দ্রঃ আসন্ন এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার যে সকল প্রার্থী বিদেশ থেকে অর্জিত আইন শিক্ষার (এল.এল.বি. ডিগ্রী) অনুকূলে ইকুইভ্যালেন্সি সনদের জন্য বার কাউন্সিল বরাবরে আবেদন করেছেন কিন্তু এখনও উক্ত সনদ প্রাপ্ত হননি তাদেরকে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্সি সনদের আবেদনপত্রের রিসিভ কপির সত্যায়িত অনুলিপি মৌখিক পরীক্ষার ফরমের সাথে জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া যাচ্ছে।